# Delhi Public School, Howrah

**HALF- YEARLY EXAMINATION (2024 – 2025)**

**Class- VII**

**Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.**

**Subject:- BENGALI (2ND LANGUAGE)**

**Time:- 3 HOURS** **F.M.-80**

**বিভাগ- ক (বোধ পরীক্ষণ)**

**১) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:** **(১×৫=৫)**

মা; মা মানেই একটা নির্ভরশীলতা, মা মানেই একটা স্বপ্ন। একাধারে তিনি যেমন ঘোরতর সংসারী, আবার তেমনি নিঃস্বার্থ সন্ন্যাসিনীও বটে। মা ছাড়া কেই বা এমনভাবে সন্তানের জন্য কষ্ট স্বীকার করতে পারেন। এই কষ্ট শুধু কর্তব্যের নয়, মমত্বের, মাতৃত্বের। জগজ্জননী দেবী দুর্গার আবাহন কালে আজ আমরা সেই মায়েদের কথা শুনি যারা কোমলে কঠোরে তাঁদের সন্তানকে মান ও হুঁশ সম্পন্ন মানুষ করে তুলেছেন।

দশ বছর বয়সে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় যাত্রাদলে যোগ দেবেন ভেবেছিলেন। অভাবের সংসারে যদি দু'পয়সা আয় হয়। কথাবার্তা একদম পাকা। কিন্তু মা 'না' করে দিলেন। তাঁর ইচ্ছে ছেলে পড়াশোনা করুক। ব্যারাকপুর থেকে বনগাঁ স্কুলে পড়তে যেতে চায় ছেলে। টাকা নেই। তোরঙ্গ থেকে মা মৃণালিনী বের করলেন ন্যাকড়ার ছোট্ট পুঁটুলি, সেখান থেকে বার করলেন রূপোর গোট। সেটি বিক্রি করেও টাকায় কুলোয় না। তখন লক্ষ্মীর ঝাঁপিতে রাখা সিঁদুর কৌটো থেকে সিঁদুর মাখানো টাকাটাও তুলে দিয়েছিলেন ছেলের হাতে।

সারদা দেবী, রবীন্দ্রনাথ ঠাকুরের মা-যিনি জানতেন না শাসন করা কাকে বলে। রবীন্দ্রনাথ তাঁর 'ছেলেবেলা' বইতে বলছেন "আমাদের সেকেলে মা মনে করতেন ছেলে মাঝে মাঝে পড়া কামাই করলে এতই কী লোকসান।" এই ভাবনার মায়ের সন্তানই পারে 'বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়' তৈরি করতে।

সবার মতো তারও ভয় ছিল জলে। মা নিয়ে গেলেন গড়ুই নদীর ধারে। ঘাট থেকে তাকে ছুঁড়ে দিলেন জলে। ছেলে যখন হাবু ডুবু খাচ্ছে, তখন তাকে গিয়ে তুলে আনলেন। এই শিশুটি কে জানো! শিশুটি হলেন বিপ্লবী যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় ওরফে বাঘা যতীন।

ভুবনেশ্বরী দেবী-স্বামী বিবেকানন্দের মা, তিনি তাঁর বিলেকে ইংরাজি শিক্ষায় শিক্ষিত করার জন্যেই মেম মাষ্টারনী রেখে ইংরাজি শিখেছিলেন। পরবর্তীতে বিবেকানন্দের ইংরাজি বক্তৃতা ও ইংরাজি রচনা বিশ্ববাসীকে মুগ্ধ করেছিল এর শুরুতেও রয়েছে ভুবনেশ্বরী দেবীর পাশে থাকা। এই জন্যই বিবেকানন্দ অনুভব করতে পেরেছিলেন "মেয়েরাই জাতির ভবিষ্যৎ, তাদের আগে শিক্ষিত করে তুলতে হবে।"ভুবনেশ্বরী দেবী ছিলেন মিষ্ট স্বভাবের কিন্তু তেজস্বিনী। ছেলেকে তাঁর শিক্ষা "আজীবন পবিত্র থাকিও, কিন্তু আবশ্যক হইলে হৃদয় দৃঢ় করিবে।"

**ক) 'ছেলেবেলা' বইটি কার লেখা?**

**খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কোন্ স্কুলে পড়তে যেতে চেয়েছিলেন?**

**গ) "ঘাট থেকে তাকে ছুঁড়ে দিলেন জলে। ছেলে যখন হাবু ডুবু খাচ্ছে, তখন তাকে গিয়ে তুলে আনলেন।"- আলোচ্যমান ঘটনাটির মধ্যে দিয়ে যতীন্দ্রনাথের মা যতীন্দ্রনাথকে কী শিক্ষা দিতে চেয়েছিলেন?**

**ঘ) "আজীবন পবিত্র থাকিও, কিন্তু আবশ্যক হইলে হৃদয় দৃঢ় করিবে।"–আলোচ্যমান উক্তিটি কে কাকে বলেছিলেন?**

**ঙ) যারা লেখাপড়া জানেন তাদের বোঝাতে আলোচ্য অনুচ্ছেদটিতে কোন্ শব্দটি ব্যবহার করা হয়েছে?**

**২) নিচের পদ্যটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও:** **(১×৫=৫)**

দাদখানি চাল, মুসুরির ডাল, চিনি-পাতা দৈ,

দু'টা পাকা বেল, সরিষার তেল, ডিমভরা কৈ।

পথে হেঁটে চলি, মনে মনে বলি, পাছে হয় ভুল;
ভুল যদি হয়, মা তবে নিশ্চয়, ছিঁড়ে দেবে চুল। …
ওই তো ওখানে ঘুড়ি ধরে টানে, ঘোষদের ননী;
আমি যদি পাই, তা হলে উড়াই আকাশে এখনি!
দাদখানি তেল, ডিম ভরা বেল দু'টা পাকা দৈ,
সরিষার চাল, চিনি-পাতা ডাল, মুসুরির কৈ!
এসেছি দোকানে-কিনি এই খানে, যত কিছু পাই;
মা যাহা বলেছে, ঠিক মনে আছে, তাতে ভুল নাই!
দাদখানি বেল, মুসুরির তেল, সরিষার কৈ,
চিনি-পাতা চাল, দু'টা পাকা ডাল, ডিম ভরা দৈ।

**ক) আলোচ্য পদ্যটিতে কবির কী উড়াবার স্বাদ হয়েছে?**
**খ) পদ্যটির মধ্যে দিয়ে কবির স্বভাবের কোন্ দিক ফুটে উঠেছে?**
**গ) আলোচ্য পদ্যটি থেকে তুমি কী শিখলে?**
**ঘ) কবিকে কবির মা আনতে দিয়েছিলেন "দাদখানি চাল, মুসুরির ডাল, চিনি-পাতা দৈ,/দু'টা পাকা বেল, সরিষার তেল, ডিমভরা কৈ।" তার বদলে কবি কী কী নিয়ে বাড়ি গিয়েছিলেন?**
**ঙ) "এসেছি দোকানে-কিনি এই খানে, যত কিছু পাই;"–সাধু ভাষায় লেখো।**

## বিভাগ- খ (ব্যাকরণ)

**৩) শূন্যস্থান পূর্ণ করো:** **(০.৫×৬=৩)**

ক) যে বিশেষ্য পদের দ্বারা কোনো প্রাণী বা অপ্রাণীর নাম বোঝায় তাই হল ________________ বিশেষ্য।

খ) আমি-আমরা এই উত্তমপুরুষটি মধ্যম পুরুষে গিয়ে হবে ______________________।

গ) "ওরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না।"- এখানে যে নির্দেশক সর্বনাম পদটি ব্যবহার করা হয়েছে তা হল __________।

ঘ) যে বিশেষণ পদ বিশেষ্যের ক্রমিক সংখ্যা নির্দেশ করে, তাকে পূরণবাচক বিশেষণ বলে। যেমন - _____________ শ্রেণি। সপ্তম

ঙ) সরল বাক্যে একটিমাত্র ___________________ থাকে। উদ্দেশ্য

চ) এবং, কিন্তু, সুতরাং- এই অব্যয় পদগুলি ব্যবহার করা হয় _________________ বাক্যে।

**৪) সূত্রসহ সন্ধি যুক্ত কর:** **(১×৩=৩)**

ক) উৎ + স্থান খ) জগত + জননী গ) তুষ্ + ত

**৫) সূত্রসহ সন্ধি বিযুক্ত কর:** **(১×৩=৩)**

ক) প্রশংসা খ) পূর্ণচ্ছেদ গ) পদ্ধতি

**৬) নিচের বাক্যগুলির উদ্দেশ্য অংশ সম্প্রসারণ কর:** **(১×২=২)**

ক) ভারতবর্ষ আমাদের দেশ।

খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর জন্মগ্রহণ করেন।

**৭) নিচের বাক্যগুলির বিধেয় অংশ সম্প্রসারণ করো:** **(১×২=২)**

ক) শরৎকাল উপস্থিত হল।

খ) পরিশ্রম করো।

**৮) পদ পরিবর্তন কর:** **(০.৫×৪=২)**

ক) আতিথ্য খ) ধর্ম গ) শৈশব ঘ) ধান

**৯) নিচের বাগধারাগুলোর অর্থ লিখে বাক্যে প্রয়োগ করো:** **(১×২=২)**

ক) অন্ধের যষ্টি খ) আমড়া কাঠের ঢেঁকি

**১০) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো:** **(১×৫=৫)**

ক) কাজে অবহেলা করো না, সুফল পাবে না। (জটিল বাক্য)

খ) যে ব্যক্তি গুণহীন তার জীবনই বৃথা। (সরল বাক্যে)

গ) যারা বিজ্ঞানী তাঁরা ভূত বিশ্বাস করেন না। (সরল বাক্যে)

ঘ) দেখে চলে এসো। (যৌগিক বাক্যে)

ঙ) ভাদ্রমাস কিন্তু বৃষ্টির বিরাম নেই। (জটিল বাক্যে)

**১১) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:** **(০.৫×৬=৩)**

ক) বিশ্ব + মিত্র = ?

a) বিশ্বামিত্র
b) বিশ্বমিত্র
c) বিশ্বামৈত্র

খ) বাক্যের কর্তাই বা কর্তৃকারক হল -

a) বিধেয়
b) উদ্দেশ্য সম্প্রসারক
c) মূল উদ্দেশ্য

গ) কখনো কারোর অনুপস্থিতিতে ____________ করতে নেই।

a) নিন্দুক
b) নিন্দা
c) হিংসা

ঘ) “স্বাধীনতা কিনতে হলো, রক্তেরই সে দামে / সোনার বাংলা দুটি ভাগ হলো স্বাধীনতার নামে।”- স্বাধীনতা শব্দটি

a) অবস্থাবাচক বিশেষ্য
b) জাতিবাচক বিশেষ্য
c) ক্রিয়াবাচক বিশেষ্য

ঙ) ঘুমের ঘোরে স্বপ্ন দেখে জীবন কাটবে না – আলোচ্য বাক্যটিতে যে বাগধারাটির প্রয়োগ ঘটেছে তা হলো –

a) চাঁদের হাট
b) অলীক কল্পনা
c) তীর্থের কাক

চ) “যদি পণ করে থাকিস সে পণ তোমার রবেই রবে।”- বাক্যের গঠন অনুযায়ী বাক্যটি কী ধরণের বাক্য?

a) জটিল বাক্য
b) সরল বাক্য
c) যৌগিক বাক্য

## বিভাগ- গ (সাহিত্য)

**১২) একটি বাক্যে উত্তর দাও:** **(১×৫=৫)**

ক) “আমি কইব মনের কথা দুই পারেরই সাথে-” কবি তাঁর মনের কথা দুই পারের সাথে কখন কথা বলবেন?

খ) ‘কুইনিন’ ওষুধটির বৈশিষ্ট্য কী?

গ) নদে-শান্তিপুর বলতে কোন্ জায়গাকে বোঝানো হয়েছে?

ঘ) “তাকে না বলে কিছু করার ভরসা আমার নেই, বাপু” – আলোচ্যমান উক্তিটি কে কার সম্পর্কে বলেছেন?

ঙ) ‘পার্থক্য’ গল্পের কথক চরিত্রটির মধ্যে যে পার্থক্য আমরা দেখতে পাই সেটি কী?

**১৩) অর্থ লেখ:** **(০.৫×৪=২)**

ক) গরজ খ) মুষ্টিভিক্ষা গ) খড়কুটো ঘ) বরন

১৪) নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

ক) ‘ইচ্ছামতী’ কবিতায় কবি কেন ইচ্ছামতী নদী হতে চেয়েছেন? **(2)**

খ) “মনে সহানুভূতি জাগায় না, রাগ ধরে”- আলোচ্যমান উক্তিটি পার্থক্য গল্পের কথক কোন ঘটনার প্রসঙ্গে বলেছেন? **(3)**

গ) “কেউ চোর হয়ে জন্মায় না, সামাজিক পরিস্থিতিই মানুষকে একাজ করতে বাধ্য করায়”- আলোচ্যমান উক্তিটি ‘চোর সাধুচরণ’ গল্পটিতে কতদূর সত্য বলে তুমি মনে কর তা লেখো। **(5)**

১৫) প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ কর: **(5)**

সকালের এক-টুকরো রোদ্দুর-

এক-টুকরো সোনার চেয়েও মনে হয় দামি।

<u>**অথবা**</u>

তখন হয়তো গরম কাপড়ে ঢেকে দিতে পারব

রাস্তার ধারের ওই উলঙ্গ ছেলেটাকে।

**১৬) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:** **(০.৫×৪=২)**

ক) “যখন ঘুরে ঘুরে বেড়াই _____________ গাঁয়ের ঘাটে।”

a) দূরের
b) আপন
c) কাছের

খ) “একদিন হয়তো আমরা প্রত্যেকেই এক একটা জ্বলন্ত অগ্নিপিণ্ডে/ পরিণত হব!

কারণ (অ): সূর্যের তেজ নিয়ে আমরা সূর্যের মতো হতে চাই।

কারণ (আ): সকল জড়তা থেকে মুক্ত হয়ে জীবনে জয়ী হতে চাই।

a. কারণ (অ) ঠিক, কিন্তু কারণ (আ) ভুল
b. কারণ (অ) ভুল, কিন্তু কারণ (আ) ঠিক
c. কারণ (অ) এবং কারণ (আ) দুটোই ঠিক

গ) “সেই হইতে কেমন একটা সংস্কার দাঁড়াইয়া গিয়াছে-ভিক্ষা না দিয়া পারি না।”- লেখকের এই সংস্কারটি তৈরি হয়েছিল-

a. ছোটবেলায় তাঁর মাকে দেখে
b. ছোটবেলায় গ্রামের বাড়িতে দেখে
c. বাল্যে পল্লিগ্রামে দেখে

ঘ) “তখন ভাবলাম,ফাঁসি যাই তাও আচ্ছা, এর বিহিত করা চাই” – উক্তিটির মধ্যে দিয়ে সাধুচরণের মানসিকতার যে দিক ফুটে উঠেছে তা হলো –

a. যারা অসুস্থতার কাছে অসহায় তাদের পাশে দাঁড়াতে চেয়েছে।
b. বউ-ব্যাটার মৃত্যুর প্রতিশোধ নিতে চেয়েছে।
c. হরেনবাবু ও গজাননবাবুর কাজের প্রতিবাদ করতে চেয়েছে।

## বিভাগ- ঘ (সহায়ক পাঠ)

**১৭) একটি বাক্যে উত্তর দাও:** **(১×৪=৪)**

ক) শ্রীরামকৃষ্ণ মিশনের গোড়াপত্তন কোথায় হয়েছিল?

খ) "যত মত, তত পথ" – আলোচ্যমান উক্তিটির বক্তা কে?

গ) ভারতবর্ষের দক্ষিণে কোন্ মহাসাগর অবস্থিত?

ঘ) বিবেকানন্দের বিশ্বধর্মসভায় যোগ দেওয়ার প্রধান কারণ কী ছিল?

**১৮) নিচের প্রশ্নটির উত্তর দাও:** **(3)**

রাজা মঙ্গল সিংহ স্বামিজীকে জিজ্ঞাসা করেছিলেন জীবন কী, তাঁর প্রশ্নের উত্তরে স্বামিজী জীবন সম্পর্কে যে ব্যাখ্যা দিয়েছিলেন তা লেখো।

**১৯) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:** **(০.৫×৪=২)**

**ক) সংস্কৃত ভাষার সর্বশ্রেষ্ঠ ব্যাকরণ বইটির নাম-**

a) ব্যাকরণ কৌমদী
b) ব্যাকরণ চল্লিশা
c) পাণিনি অষ্টাধ্যায়ী

খ) শ্রীরামকৃষ্ণ মনে করতেন ভারতবর্ষের মানুষের ধর্মের অভাব নেই, অভাব আছে-

a) শিক্ষার
b) অন্নবস্ত্রের
c) শিক্ষার ও অন্নবস্ত্রের

গ) "তবু সকলে তাঁহাকে ভালবাসিত" –

কারণ (অ): নরেন্দ্রনাথ কারও বিপদে স্থির থাকতে পারতেন না।

কারণ (আ): নরেন্দ্রনাথ কারো দোষ দেখলে দু'কথা শুনিয়ে দিতেন।

a. কারণ (অ) ঠিক, কিন্তু কারণ (আ) ভুল
b. কারণ (অ) ভুল, কিন্তু কারণ (আ) ঠিক
c. কারণ (অ) এবং কারণ (আ) দুটোই ঠিক

ঘ) "ইহাই আমার জন্মভূমি, মাতৃভূমি- ইহার উন্নতির জন্য চেষ্টা না করিয়া লক্ষ কোটি গরীব দুঃখীর দুঃখ দূর করিবার কথা না ভাবিয়া আমি দেহত্যাগ করিতে চাহিতেছি- আমাকে ধিক্!" – আলোচ্যমান কথাটির মধ্যে দিয়ে স্বামিজীর চরিত্রের যে দিকের প্রকাশ পাচ্ছে তা হল-

a. তিনি নিজের সমালোচনা করতে পছন্দ করেন।
b. তিনি তাঁর দেশকে ভালোবাসেন।
c. তিনি স্বার্থপর সুখী মানুষ নন।

## বিভাগ- ঙ (সৃজনশীল রচনা)

**২০) সংলাপ রচনা করো:** **(6)**

ক)বিলাসবহুল জীবনযাত্রা ও আড়ম্বরতা আমাদের উৎসবের আনন্দ থেকে দূরে সরিয়ে দিচ্ছে। - বিষয়টি অবলম্বনে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর।

**খ) পত্র রচনা কর:** **(6)**

অনেক ত্যাগ ও রক্তপাতের মধ্যে দিয়ে আমাদের স্বাধীনতা এসেছে। এই স্বাধীনতাকে রক্ষা করার দায়িত্ব আমাদের ছাত্র সমাজেরই।- একথা জানিয়ে তুমি তোমার বোন বা ভাইকে একটি চিঠি লেখো।

- একথা জানিয়ে তুমি তোমার বোনকে একটি চিঠি লেখো।